গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের বিভাগীয় মামলা ডিজিটাল পদ্ধতিতে ব্যবস্থাপনা বিষয়ে করণীয় নির্ধারণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ০৬ ফেব্রুয়ারি ২০২৩ |
| সভার সময় | সকাল ১০:৩০ টা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ সভায় উপস্থাপনের জন্য প্রোগ্রামার, আইসিটি সেল-কে অনুরোধ করা হয়। অতঃপর প্রোগ্রামার, আইসিটি সেল আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

**১.০ আলোচ্য বিষয়: বিভাগীয় মামলার বিধিমালা এবং নিষ্পত্তি নির্দেশিকা মোতাবেক বিভাগীয় মামলার ধাপসমূহ প্রস্তাবিত সফটওয়্যারে অন্তর্ভুকরণ।**

**১.১ আলোচনা:** সুরক্ষা সেবা বিভাগের প্রোগ্রামার, আইসিটি সেল সভাকে অবহিত করেন, বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এবং বিভাগীয় মামলার নিষ্পত্তি নির্দেশিকা মোতাবেক সরকারি অফিসসমূহ বিভাগীয় মামলার কার্যক্রম পরিচালনা করছে। পরবর্তীতে বিভাগীয় মামলার নিষ্পত্তি নির্দেশিকায় প্রদত্ত লঘুদন্ড এবং গুরুদন্ড আরোপের প্রক্রিয়া সংক্রান্ত চার্ট অনুসরণপূর্বক প্রস্তাবিত সফটওয়্যারে তথ্যসমূহ ধারাবহিকভাবে অন্তর্ভুক্ত করার জন্য খসড়া ফরসসমূহ সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ খসড়া ফরসসমূহের প্রত্যেক অংশের উপর বিস্তারিত আলোচনা করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ অভিযোগ ফরমের শিরোনাম ‘অভিযোগ দাখিল ফরম’ এর পরিবর্তে ‘অভিযোগ ফরম’ করা, অভিযোগকারীর তথ্য অংশে অভিযোগকারীর নাম অন্তর্ভূক্ত করা ও ইমেইল অংশে দাপ্তরিক ই-মেইলের বাধ্যবাধকতা না রাখা, অভিযুক্ত ব্যক্তির তথ্য অংশে চাকরি পরিচিতি নম্বর (Job/Service ID) অন্তর্ভুক্ত করা, তদন্ত কর্মকর্তার তথ্যের পাশিপাশি তদন্ত বোর্ডের তথ্য প্রস্তাবিত সফটওয়্যারে রাখার বিষয়ে মতামত প্রদান করেন।

এছাড়াও সভায় উপস্থিত সদস্যবৃন্দ অভিযোগনামা ফরমে অভিযোগ সংশ্লিষ্ট প্রামাণক ডকুমেন্ট সংযুক্ত রাখা, আদেশ নামা ফরমে শুধুমাত্র চূড়ান্ত আদেশের তথ্য অন্তর্ভুক্ত করা, লঘুদন্ড বা গুরুদন্ড আরোপের ক্ষেত্রে প্রজ্ঞাপন জারির অংশের সাথে দন্ডপ্রাপ্ত ব্যক্তির নাম, চাকরি পরিচিতি নম্বর (Job/Service ID), পদবি, অফিসের নাম, প্রদত্ত দন্ডের সংক্ষিপ্ত তথ্য প্রস্তাবিত সফটওয়্যারে রাখার বিষয়ে মতামত প্রদান করেন।

**১.২ সিদ্ধান্ত:**

(ক) অভিযোগ ফরমের শিরোনাম ‘অভিযোগ দাখিল ফরম’ এর পরিবর্তে ‘অভিযোগ ফরম’ করতে হবে;

(খ) অভিযোগকারীর তথ্য অংশে অভিযোগকারীর নাম অন্তর্ভুক্ত করতে হবে ও ই-মেইল অংশে দাপ্তরিক ই-মেইলের বাধ্যবাধকতা রাখা যাবে না;

(গ) অভিযুক্ত ব্যক্তির তথ্য অংশে চাকরি পরিচিতি নম্বর (Job/Service ID) অন্তর্ভুক্ত করতে হবে;

(ঘ) তদন্ত কর্মকর্তার তথ্যের পাশিপাশি তদন্ত বোর্ডের তথ্য প্রস্তাবিত সফটওয়্যারে রাখার ব্যবস্থা করতে হবে;

(ঙ) অভিযোগনামা ফরমে অভিযোগ সংশ্লিষ্ট প্রামাণক ডকুমেন্ট সংযুক্ত রাখতে হবে;

(চ) আদেশ নামা ফরমে শুধুমাত্র চূড়ান্ত আদেশের তথ্য অন্তর্ভুক্ত করতে হবে;

(ছ) লঘুদন্ড বা গুরুদন্ড আরোপের ক্ষেত্রে প্রজ্ঞাপন জারির অংশের সাথে দন্ডপ্রাপ্ত ব্যক্তির নাম, চাকরি পরিচিতি নম্বর (Job/Service ID), পদবি, অফিসের নাম, প্রদত্ত দন্ডের সংক্ষিপ্ত তথ্য প্রস্তাবিত সফটওয়্যারে রাখতে হবে;

**২.০ আলোচ্য বিষয়: প্রস্তাবিত সফটওয়্যারের জন্য Terms of Reference এবং Software Requirement Specification প্রস্তুতকরণ।**

**২.১ আলোচনা:** প্রস্তাবিত সফটওয়্যারের জন্য Terms of Reference এবং Software Requirement Specification জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এবং বিভাগীয় মামলার নিষ্পত্তি নির্দেশিকা অনুসরণপূর্বক ইংরেজী ভাষায় প্রস্তুতের জন্য সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত প্রকাশ করেন।

**২.২ সিদ্ধান্ত:**

প্রস্তাবিত সফটওয়্যারের জন্য Terms of Reference এবং Software Requirement Specification জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এবং বিভাগীয় মামলার নিষ্পত্তি নির্দেশিকা অনুসরণপূর্বক ইংরেজী ভাষায় প্রস্তুত করতে হবে।

সভাপতি সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০২৮.১৮.৪১

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৯
২০ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ

৩) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)



ড. ফারুক আহাম্মদ
যুগ্মসচিব